

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিপি-২ শাখা

স্মারক নং-০৫.০০.০০০০.১৯৬.২৫.০১২.১৮-১৬

০৮ মাঘ, ১৪২৫ বঃ  
তারিখঃ-----  
২১ জানুয়ারি, ২০১৯ খ্রি.


বিষয়: বৈদেশিক সংক্ষিপ্ত প্রশিক্ষণের জন্য মনোনয়ন আহ্বান (২০১৮-১৯ অর্থবছর)।

উপর্যুক্ত বিষয়ে সংক্ষিপ্ত বৈদেশিক প্রশিক্ষণে প্রেরণের জন্য আপনার বিভাগ হতে ২০ জন সহকারী কমিশনার/ সহকারী কমিশনার (ভূমি)/সমমান, ২৫ জন সিনিয়র সহকারী কমিশনার/উপজেলা নির্বাহী অফিসার/অতিরিক্ত জেলা প্রশাসক/ সমমান, ১০ জন জেলা প্রশাসক/উপসচিব/সমমান, ০৫ জন যুগ্মসচিব/সমমান (সর্বমোট ৬০ জন)-এর মনোনয়ন আগামী ২৭.০১.২০১৯ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সিপি-২ শাখায় (ই-মেইলে এবং বাহক মারফত নিকস ফন্ট সফট কপিসহ) সংযুক্ত ছক মোতাবেক প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। মনোনয়ন প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করতে হবে:

- (ক) চাকরি স্থায়ী হয়েছে যে সকল কর্মকর্তার কেবলমাত্র তাদেরকেই এ প্রশিক্ষণে মনোনয়ন প্রদান করা যাবে;
- (খ) যুগ্মসচিবগণের ক্ষেত্রে ন্যূনতম ০২ (দুই) বছর এবং উপসচিবগণের ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) বছর চাকরির মেয়াদ না থাকলে এ প্রশিক্ষণের জন্য বিবেচনা করা হবে না;
- (গ) ইতঃপূর্বে বৈদেশিক কোর্সে অংশগ্রহণ করেন নি এমন কর্মকর্তাদের মনোনয়ন-কে উৎসাহিত করা হবে;
- (ঘ) মনোনয়নের ক্ষেত্রে কর্মকর্তার শিক্ষাগত যোগ্যতা, নিষ্ঠা এবং সুনামকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে;
- (ঙ) কোন কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চলমান থাকলে তাকে এ পর্যায়ে আবেদনের অযোগ্য বলে বিবেচিত করা হবে;
- (চ) নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ থাকতে হবে;
- (ছ) এ প্রশিক্ষণে মনোনয়নের পর প্রশিক্ষণ সমাপ্ত হওয়া পর্যন্ত বিবেচ্য কর্মকর্তাকে মাঠ পর্যায়ে কর্মরত থাকতে হবে;
- (জ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বাছাই কমিটি প্রতিটি কোর্সের বিষয়বস্তু এবং কর্মকর্তার যোগ্যতা, নিষ্ঠা, অভিজ্ঞতা ও সুনাম বিবেচনায় প্রাপ্ত মনোনয়ন থেকে নির্দিষ্ট কোর্সের জন্য প্রশিক্ষণার্থী তালিকা সুপারিশ করবে;

০২। যে সকল প্রশিক্ষণার্থীর মনোনয়ন প্রদান করা হবে আবশ্যিকভাবে তাদের অফিসিয়াল পাসপোর্ট-এর প্রথম তিন পৃষ্ঠার ফটোকপি অগ্রায়ন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

সংযুক্তি: ০১ পৃষ্ঠা।



(ড. মোহাম্মদ জিয়াউল হক)

উপসচিব

ফোন: ৯৫১৩৫৪৪

e-mail: cp2@mopa.gov.bd


**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ, বিভাগ।
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৫। অতিরিক্ত সচিব (সিপিটি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৬। যুগ্মসচিব (সিপি)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্ম সচিব মহোদয়ের অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত বিশেষায়িত সংক্ষিপ্ত বৈদেশিক প্রশিক্ষণের জন্য মনোনয়ন ছক।

ক্রমিক নং	নাম, পদবি ও পরিচিতি নম্বর (বাংলা ও ইংরেজি)	পাসপোর্ট নম্বর Machine Readable Official Passport (ফটোকপি সহ)	জাতীয় পরিচয় পত্রের নম্বর (ফটোকপিসহ)	ই-মেইল	মোবাইল নম্বর	ছবি (দুই কপি) পাসপোর্ট সাইজ
১.						

নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশ, স্বাক্ষর ও দাপ্তরিক সীল

 ২১.০১.২০২২